

ডাকসুর জিএসের কক্ষে এসি থাকায় ক্ষোভ সাধারণ শিক্ষার্থীদের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১২ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ১২ সেপ্টেম্বর ২০১৯ ০০:০৩



সত্য কথা বলুন
আমাদের সময়

গণরুম ব্যবস্থা বাতিল করে ঢাকা বিশ্ববিদ্যালয়কে পূর্ণাঙ্গ আবাসিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার প্রতিশ্রুতি দিয়ে ডাকসুর নেতৃত্বে এসেছিল ছাত্রলীগ। মেয়াদের অর্ধেক সময় পেরিয়ে গেলেও সেই প্রতিশ্রুতি বাস্তবায়নে কোনো পদক্ষেপ নেননি তারা। শিক্ষার্থীরা গণরুমেই থাকছেন। অন্যদিকে তাদের প্রতিনিধি ডাকসুর সাধারণ সম্পাদক (জিএস) গোলাম রাব্বানী থাকছেন শীতাতপ নিয়ন্ত্রিত (এসি) কক্ষে। এ নিয়ে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে ক্ষোভ তৈরি হয়েছে।

জানা যায়, গত আগস্টের প্রথম সপ্তাহের দিকে ডাকসুর জিএসের রুমে এসি স্থাপন করা হয়। যদিও ডাকসুর সহসভাপতি (ভিপি), সহসাধারণ সম্পাদকসহ (এজিএস) অন্য রুমগুলোয় কোনো এসি স্থাপন করা হয়নি। শিক্ষার্থীরা জানান, নির্বাচনের আগে ছাত্রলীগ শিক্ষার্থীদের কাছে দেওয়া ইশতেহারে ঢাবিকে আবাসিক বিশ্ববিদ্যালয়ে রূপান্তর, বিশ্ববিদ্যালয়ের সব কার্যক্রম অটোমেশনের আওতায় আনাসহ নানা ধরনের প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু তারা এখন সেই প্রতিশ্রুতি ভুলে নিজেরা কীভাবে আরাম-আয়েশে থাকবে, সেই চিন্তাতেই ব্যস্ত।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক শিক্ষার্থী বলেন, আমরা গণরুমে কষ্ট করে থাকি, ঠিকমতো পড়াশোনা করতে পারি না। আর আমাদের জিএস নিজের কক্ষে এসি লাগান। শিক্ষার্থীদের আবাসন সমস্যার সমাধানে উদ্যোগ না নিয়ে ব্যক্তিগত আরাম-আয়েশের জন্য শিক্ষার্থীরা তাকে নির্বাচিত করেনি। এ বিষয়ে তার জবাবদিহি করা উচিত।

এ ব্যাপারে ডাকসুর ভিপি নুরুল হক নুর বলেন, আমরা গণরুম বিলুপ্ত করার প্রতিশ্রুতি দিয়ে ডাকসুতে এসেছি। কিন্তু শিক্ষার্থীরা এখনো গণরুমে, এমনকি বারান্দায় থাকছেন। আর আমরা তাদের ছাত্র প্রতিনিধি হয়ে রুমে এসি স্থাপন করব, এটা নৈতিকভাবে সমর্থনযোগ্য নয়।

ডাকসুর কোষাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন শিবলী রুবাইয়াতুল ইসলাম বলেন, কারও ব্যক্তিগত রুমে এসি স্থাপন করার বিষয়ে কিছু জানি না। তবে ডাকসুর সম্মেলন কক্ষে একটি এসি স্থাপনের কথা বলা হয়েছিল। যদি এসি লাগানো হয়ে থাকে, তা হলে সেটা ডাকসু থেকে টাকা নেওয়া হয়নি।

এসি স্থাপনের বিষয়ে গোলাম রাব্বানীকে একাধিকবার কল দেওয়া হলেও তিনি ফোন ধরেননি। বিষয়টি উল্লেখ করে তার মুঠোফোনে খুদেবার্তাও পাঠানো হয়, কিন্তু তিনি উত্তর দেননি।

advertisement